# বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন

**মামলা নং ৫৬ ২০২২**

**অভিযোগকারী** জনাব মোঃ আজহারুল ইসলাম চৌধুরী
শো রুম ইনচার্জ ওয়ালটন প্লাজা
রোকেয়া স্মরণী শেওড়াপাড়া ঢাকা ১২১৬।

**বনাম**

**প্রতিপক্ষ** জনাব মোঃ কালাম হোসেন
প্রোপ্রাইটর এফ ইলেকট্রনিক্স ৬৭৩ উত্তর কাফরুল ঢাকা ১২০৬।

**চূড়ান্ত আদেশের তারিখ** **০৭ ১২ ২০২২**

কমিশন

১। জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী চেয়ারপার্সন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
২। জনাব জি এম সালেহ উদ্দিন সদস্য বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩। ড এ এফ এম মনজুর কাদির সদস্য বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৪। জনাব নাসরিন বেগম সদস্য বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৫। জনাব সালমা আখতার জাহান সদস্য বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন।

**বর্ণিত প্রেক্ষাপট সার্বিক পরিস্থিতি এবং আইনের বিধানাবলী বিশ্লেষণে কমিশন নিম্নরূপ চূড়ান্ত আদেশ প্রদান করেন**

## চূড়ান্ত আদেশ

১। ওয়ালটন কোম্পানির বিভিন্ন পণ্য সামগ্রীর বিশেষত মার্সেল ফ্রিজ ওয়ালটন রেফ্রিজারেটর ইত্যাদি বিক্রয়ের ক্ষেত্রে বাজারে সুস্থ প্রতিযোগিতামূলক পরিবেশ উৎসাহিত করার নিশ্চিত ও বজায় রাখার উদ্দেশ্যে এবং প্রতিযোগিতা বিরোধী কর্মকান্ড প্রতিরোধ ও নিয়ন্ত্রণের লক্ষ্যে অভিযোগকারী কর্তৃক বিগত ২৩ ০৬ ২০২২ তারিখে দাখিলীয় অভিযোগ এবং পক্ষবৃন্দ কর্তৃক দাখিলীয় সোলেনামার শর্ত বিবেচনাক্রমে প্রতিযোগিতা আইন ২০১২ ২০১২ সনের ২৩ নং আইন এর বিধানাবলী অনুসারে ৩নং এবং ৪নং আদেশে উল্লিখিত কতিপয় **পরামর্শ** ও **নির্দেশনাসহ** মামলাটি দোতরফাসূত্রে আপোষনামামূলে নিষ্পত্তি করা হলো।

২। বিগত ৩০ ১১ ২০২২ তারিখে পক্ষবৃন্দ কর্তৃক স্বাক্ষরিত সোলেনামাটি আদেশের একাংশ হিসেবে গণ্য হবে।

৩। অভিযোগকারী ও প্রতিপক্ষ

ক সিটি কর্পোরেশন বা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক বৈধভাবে ইস্যুকৃত লাইসেন্স উক্ত লাইসেন্সে উল্লিখিত শর্ত ব্যবসার ধরণ এবং ব্যবসার সময়কাল ইত্যাদি অনুসরণক্রমে তাদের স্ব স্ব ব্যবসা পরিচালনা করবেন এবং ব্যবসা পরিচালনার ক্ষেত্রে প্রতিযোগিতা আইন ২০১২ অনুসারে যে কোন ধরনের প্রতিযোগিতা বিরোধী কর্মকান্ড থেকে আবশ্যিকভাবে বিরত থাকবেন

খ ওয়ালটন কোম্পানির বিভিন্ন পণ্য সামগ্রীর বিশেষত মার্সেল ফ্রিজ ওয়ালটন রেফ্রিজারেটর ইত্যাদি বাজারজাতকরণ ক্রয় বিক্রয়ের ক্ষেত্রে অস্বাভাবিকভাবে পণ্যের মূল্য হ্রাস বা বৃদ্ধি করে জনসাধারণ তথা ভোক্তাগণকে ক্ষতিগ্রস্থ করা থেকে বিরত থাকবেন

গ সোলেনামার শর্ত ১ প্রতিপালনের বিষয়ে প্রতিপক্ষ সতর্ক এবং সচেতন থাকবেন এবং অভিযোগকারীর সাথে সম্পাদিত চুক্তির শর্ত লংঘন করবেন না।

৪। সোলেনামার শর্ত ২ এর মর্ম মোতাবেক প্রতিপক্ষকে তার বিরুদ্ধে আনীত অভিযোগের সকল দায় থেকে অভিযোগকারীর “বিনা আপত্তিতে” অব্যাহতি প্রদান করা হলো।

৫। ৩নং এবং ৪নং আদেশে প্রদত্ত পরামর্শ এবং নির্দেশনা প্রতিপক্ষ বা ওয়ালটন কোম্পানির অন্য কোনো ডিস্ট্রিবিউটর বা অভিযোগকারী প্রতিষ্ঠান কর্তৃক লঙ্ঘন করা হলে সংশ্লিষ্ট প্রতিপক্ষ ডিস্ট্রিবিউটর বা অভিযোগকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রতিযোগিতা আইন ২০১২ ২০১২ সনের ২৩ নং আইন এর বিধান অনুসারে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন থেকে যথাযথ আইনানুগ পদক্ষেপ গ্রহণ করা হবে।

| | | | | |
|---|---|---|---|---|
| | স্বাক্ষরিত | স্বাক্ষরিত | স্বাক্ষরিত | স্বাক্ষরিত |
| সরকারি সফরে | ০৭ ১২ ২০২২ | ০৭ ১২ ২০২২ | ০৭ ১২ ২০২২ | ০৭ ১২ ২০২২ |
| সালমা আখতার জাহান | নাসরিন বেগম | ড এ এফ এম মনজুর কাদির | জি এম সালেহ উদ্দিন | প্রদীপ রঞ্জন চক্রবর্তী |
| সদস্য | সদস্য | সদস্য | সদস্য | চেয়ারপার্সন |